

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১৩৪টি প্রতিষ্ঠানকে ৫.২৩ লক্ষ টাকা জরিমানা

৮ মে ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্য লয় বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্য লয়ে ৪৫ জন কর্ম কর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, বগুড়া, মাদারীপুর, শরীয়তপুর, যশোর, কক্সবাজার, খুলনা, জামালপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নাটোর, কুমিল্লা, সিলেট, রংপুর, নরসিংদী, নওগাঁ, গাজীপুর, টাঙ্গাইল, মৌলভীবাজার, গোপালগঞ্জ, ঠাকুরগাঁও, বরিশাল, চুয়াডাঙ্গা, ফেনী, ঝিনাইদহ, ময়মনসিংহ, দিনাজপুর, সিরাজগঞ্জ, গাইবান্ধা, মানিকগঞ্জ, মাগুরা, রাজবাড়ী, নেত্রকোণা, ভোলা, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ ও ফরিদপুরে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্য লয়ের সহকারী পরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব আফরোজা রহমান, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্য লয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক মহাখালী, শেরে বাংলানগর, সেগুনবাগিচা, কেরানীগঞ্জ, জিনজিরা এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিসমিল্লাহ ফুডস, বাবুলের ফলের দোকানকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১৩টি প্রতিষ্ঠানকে ৯০,৫০০/- (নব্বই হাজার পাঁচশত) টাকা, ওজনে কারচুপির অপরাধে হোসেনের ফলের দোকানকে ৫০০/- (পাঁচশত) টাকাসহ মোট ৯৩,০০০/- (তিরানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্য লয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা ও জনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর খিলগাঁও ও ওয়ারী এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে মোশারফ ফুজকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৩৯টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১০৭টি প্রতিষ্ঠানকে ৩,৮২,৭০০/- (তিন লক্ষ বিরাশি হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

গত ৮ মে ২০১৯ তারিখে ৪৫টি বাজার তদারকির ও ২টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৩৪টি প্রতিষ্ঠানকে মোট ৫,২৩,৭০০/- (পাঁচ লক্ষ তেইশ হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্ম ড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্ম কর্তৃ পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্ম কর্তৃ স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

ফাহমিনা আক্তার

সহকারী পরিচালক (কার্য ক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্ম কর্তা/ পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্ম কর্তা/ বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।